ইত্তেফাক

তারিখ ... 7.8.78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

017

# বর্তমান শিক্ষাব্যবস্থা শুধু বেকার সৃষ্টি করিতেছে

—কাজী জাফর

কুমিল্লা, ৬ই আগষ্ট—শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, দেশে বর্তমানে যে শিক্ষাব্যবস্থা চালু রহিয়াছে তাহা শুধু বেকার সৃষ্টিতে সহায়তা করিতেছে। তিনি আজ এখানে কোতোয়ালী থানার সোয়াগঞ্জে এক জনসভায় শিক্ষাক্ষেত্রে বিরাজমান বৈষম্য সম্পর্কে বলেন, এই বৈষম্য অবশ্যই দূর করিতে হইবে। বর্তমান শিক্ষাব্যবস্থাকে দেশের চাহিদা অনুযায়ী উৎপাদনের সাথে জড়িত করার প্রয়াস গ্রহণ করা হইতেছে বলিয়া তিনি উল্লেখ করেন।

এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ দেশের প্রতি থানায় একটি করিয়া কারিগরি ও কৃষিস্কুল স্থাপনের কথা উল্লেখ করেন। তিনি বলেন, বর্তমানে আমাদের দেশে গড়ে দেড় কোটি শিশু প্রাথমিক শিক্ষা লাভের বয়সে প্রবেশ করিতেছে। ইহার মধ্যে মাত্র ৭৫ লক্ষ শিশু কোন রকমে প্রাথমিক শিক্ষার সুযোগ পায়। আবার এই ৭৫ লাখ শিশুর মধ্যে মাত্র ৩৫ হাজার উচ্চ শিক্ষার সুযোগ পায়। তিনি বলেন, নতুনভাবে শিক্ষাকে ঢালিয়া না সাজাইলে এমনিভাবে বছরের পর বছর লাখ লাখ শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত হইয়া অজ্ঞানতার অন্ধকারে হারাইয়া যাইবে।

পঞ্চম শ্রেণী পর্যন্ত নোট বই বাতিল ও তৃতীয় শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক মূল্য হ্রাস সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, এর ফলে একদিকে যেমন কোমলমতি বালক বালিকাদের জ্ঞানের পরিধিকে রুদ্ধ করার যে ঘৃণ্য কারসাজি চলিতেছিল তাহা হইতে আমাদের

(শেষ পৃঃ ৮-এর কলমে দ্রঃ)

(১ম পৃঃ পর)

শিশুরা যেমন মুক্তি পাইবে অন্যদিকে তেমনি অভিভাবকরাও বর্তমানে নোট বইসহ পাঠ্যপুস্তক ক্রয়ের তুলনায় শতকরা ষাট ভাগেরও কম খরচে তাহাদের ছেলেমেয়েদের পাঠ্যপুস্তক কিনিয়া দিতে পারিবেন।

কাজী জাফর আহমদ বলেন, যাহারা সরকারের নোটবই নিষিদ্ধ করার আদেশকে অমান্য করিয়া নোটবই প্রকাশ, বিতরণ ও বিক্রী করিবে তাহাদের কঠোর শাস্তি বিধানের জন্য আইন তৈরী করা হইতেছে।

পূর্বাহ্নে কাজী জাফর আহমদ চিওড়া হাইস্কুলে, বাতিসা, কণ্ডাপোত, চিওড়া ও জগন্নাথ দিঘী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের এক সমাবেশে ভাষণ দেন। খবর সরকারী তথ্য বিবরণীর।